

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৩৯

আগরতলা, ৮ জুলাই, ২০২৪

সাংবাদিক সম্মেলনে জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপার
এজিএমসি ও জিবিপি হাসপাতালে আগরতলার যুবকের সফল কিডনি প্রতিস্থাপন



এজিএমসি ও জিবিপি হাসপাতালে আজ আগরতলার যুবক শুভম সূত্রধরের (২০) দেহে সফলভাবে কিডনি প্রতিস্থাপন করা হয়েছে। তাকে কিডনি দান করেছেন তার মা মুন্না সাহা সূত্রধর। মা ও ছেলে দুজনেই সুস্থ আছেন। রাজ্যে এই প্রথমবার কিডনি প্রতিস্থাপন করা হলো। আজ আগরতলা সরকারি মেডিক্যাল কলেজে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপার ডা. শংকর চক্রবর্তী।

সাংবাদিক সম্মেলনে মেডিক্যাল সুপার জানান, শুভমের দেহে কিডনি প্রতিস্থাপন করেছেন রাজ্যের এবং মনিপুরের শিঙ্গা হাসপাতাল ও রিসার্চ ইনস্টিটিউটের চিকিৎসকগণ। কিডনি প্রতিস্থাপনের সব ব্যয় বহন করেছে রাজ্য সরকার। এই সাফল্যের পেছনে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার উৎসাহ ও প্রেরণার জন্য চিকিৎসকদের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানানো হয়। মেডিক্যাল সুপার জানান, রাজ্যে উন্নত চিকিৎসা পরিষেবার সম্প্রসারণে মুখ্যমন্ত্রী সব সময়ই সহযোগিতা করেছেন। রাজ্যে কিডনি প্রতিস্থাপনের কাজে কিছুদিন আগেই মনিপুরের শিঙ্গা হাসপাতালের সঙ্গে রাজ্য সরকারের সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়। মউ হয়েছে পাঁচ বছরের জন্য। কনসালটেন্ট নেফ্রলজিস্ট গুলিভার পটসাংবাম-র নেতৃত্বে ১২ জন চিকিৎসক মনিপুর থেকে এসেছেন ও রাজ্যের চিকিৎসকদের সঙ্গে যৌথভাবে কিডনি প্রতিস্থাপন করেছেন। মনিপুরের চিকিৎসকদের সব ধরনের ব্যয়ভার রাজ্য সরকার বহন করবে। পরবর্তী সময়ে কারো কিডনি প্রতিস্থাপনের প্রয়োজন হলে তারা আবার রাজ্যে আসবেন। নেফ্রলজিস্ট গুলিভার জানান, আজ অপারেশন সকাল ৯টা থেকে শুরু হয়ে শেষ হয়েছে প্রায় আড়াইটা নাগাদ। জিবিপি হাসপাতালে কিডনি প্রতিস্থাপনের পরিকাঠামো গড়ে উঠায় তিনি মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহাকে ধন্যবাদ জানিয়েছেন।

কিডনি প্রতিস্থাপনে রাজ্যের চিকিৎসক দলে ছিলেন ডা. বিজিত লোধ, ডা. মুকুট দেবনাথ, ডা. মানস গোপ, ডা. সমরেশ পাল, ডা. তপন দেববর্মা, ডা. ভাস্কর মজুমদার, ডা. অনুপম মজুমদার, নার্সিং অফিসার দীপ্তনু সূত্রধর, কিষণ দেব, সুমিতা সিনহা, প্রসেনজিৎ মহাজন, নবজিত ত্রিপুরা, পর্যবেক্ষক দলে ছিলেন নার্সিং ইনচার্জ তপতী চক্রবর্তী, ট্রান্সপ্ল্যান্ট কো-অর্ডিনেটর হিমাদ্রি কর। ওটি টেকনিশিয়ান ছিলেন রতন মনি দেববর্মা এবং দীপক চক্রবর্তী। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন, আগরতলা সরকারি মেডিক্যাল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. অনুপ কুমার সাহা, স্বাস্থ্য শিক্ষা অধিকারের অধিকর্তা প্রফেসর ডা. এইচ পি শর্মা, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা প্রফেসর ডা. সঞ্জীব দেববর্মা, জিবিপি হাসপাতালের ডেপুটি মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডা. কনক চৌধুরী।
